# সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ১১৫৭

৫/ সালাত কায়িম করা ও নিয়ম-কানুন (كتاب إقامة الصلاة والسنة)

পরিচ্ছেদঃ ৫/১০৫. যোহরের ফরয সালাতের পূর্বের চার রাক'আত সম্পর্কে।

بَاب مَا جَاءَ فِي الْأَرْبَعِ الرَّكَعَاتِ قَبْلَ الظُّهْرِ

আরবী

حَدَّثَنَا عَلِيُّ بْنُ مُحَمَّدٍ، حَدَّثَنَا وَكِيعٌ، عَنْ عُبَيْدَةَ بْنِ مُعَتِّبٍ الضَّبِّيِّ، عَنْ إِبْرَاهِيمَ، عَنْ سَهْمِ بْنِ مِنْجَابٍ، عَنْ قَزَعَةَ، عَنْ قَرْثَعٍ، عَنْ أَبِي أَيُّوبَ، أَنَّ النَّبِيَّ ـ صلى الله عليه وسلم ـ كَانَ يُصَلِّي قَبْلَ الظُّهْرِ أَرْبَعًا إِذَا زَالَتِ الشَّمْسُ لاَ يَفْصِلُ بَيْنَهُنَّ بِتَسْلِيمٍ وَقَالَ " إِنَّ أَبْوَابَ السَّمَاءِ تُفْتَحُ إِذَا زَالَتِ الشَّمْسُ " .

বাংলা

২/১১৫৭। আবূ আইউব (রাঃ) থেকে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সূর্য ঢলে গেলে যোহরের (ফরযের) পূর্বে এক সালামে চার রাকআত (সুন্নাত) সালাত (নামায/নামাজ) আদায় করতেন। তার মাঝে সালাম দিয়ে পার্থক্য করতেন না তিনি বলতেনঃ সূর্য ঢলে গেলে অসমানের দরজাসমূহ খুলে দেয়া হয়।

## English

It was narrated from Abu Ayyub that the Prophet (ﷺ) used to perform four Rak’ah before the Zuhr when the sun had passed its zenith, and he did not separate them with a Taslim. He said, “The gates of heaven are opened when the sun passes its zenith.”

ফুটনোট

তাখরীজ কুতুবুত সিত্তাহ: আবূ দাঊদ ১২৭০

তাহক্বীক্ব আলবানী: ফসলের বাক্য ছাড়া সহীহ। তাখরীজ আলবানী: সহীহ আবী দাউদ ১১৫৩, মিশকাত ১১৬৮, যহীহ তারগীব ৫৮৪। উক্ত হাদিসের রাবী উবায়দাহ বিন মুআত্তিব আদদবীয়্যূ সম্পর্কে আমর বিন ফাল্লাস বলেন, তার স্মৃতিশক্তি খুবই দুর্বল ও তার হাদিস প্রত্যাখ্যানযোগ্য। আহমাদ বিন হাম্বল বলেন, মানুষেরা তাকে বর্জন

করেছেন। ইয়াহইয়া বিন মাঈন বলেন, তিনি দুর্বল। আবু যুরআহ আর-রাযী বলেন, তিনি সিকাহ নন। আবু হাতিম আর-রাযী বলেন, তিনি হাদিস বর্ণনায় দুর্বল।

হাদিসের মান: সহিহ/যঈফ [মিশ্রিত] পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ আবূ আইয়ুব আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=14177

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন